দৈনিক
ইত্তেফাক

তারিখ ... JUL 19 2006 ...
পৃষ্ঠা ১ কলাম ৮

# পদোন্নতিপ্রাপ্ত সাত শ কলেজ শিক্ষক বদলির অপেক্ষায়

॥ সাহাবুল হক ॥

দেশের সরকারি কলেজের পদোন্নতি পাওয়া ৭শ' শিক্ষকের বদলি নিয়ে বিপাকে পড়েছে শিক্ষা মন্ত্রণালয়। গত এক সপ্তাহ যাবৎ দফায় দফায় সভা হলেও এর কোন কূলকিনারা করতে পারেনি শিক্ষা মন্ত্রণালয়। এছাড়া শিক্ষকদের পদোন্নতি প্রক্রিয়া নিয়েও বিভিন্ন অভিযোগ উঠেছে। শিক্ষা মন্ত্রণালয় সূত্র জানায়, গত কয়েক বছরের মধ্যে শিক্ষকদের এত বেশী সংখ্যক পদোন্নতি আর হয়নি।

তিনটি ক্যাটাগরীতে শিক্ষকদের এ পদোন্নতি দেয়া হয়েছে। এগুলো, হলো প্রভাষক থেকে সহকারী অধ্যাপক, সহকারী অধ্যাপক থেকে সহযোগী অধ্যাপক এবং সহযোগী (২য় পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

পদোন্নতি প্রাপ্ত

(প্রথম পৃঃ পর)

অধ্যাপক থেকে অধ্যাপক। এর ম
ংহভাগ পদোন্নতি হয়েছে প্রভাষক থে
হকারী অধ্যাপক পদে।

সংশ্লিষ্ট সূত্র জানায়, পদোন্নতির জন্য
করির বয়স ছাড়া অন্য কোন যোগ্যতা বিবেচ
না হয়নি। ভারত, পাকিস্তান এবং শ্রীলংক
রকারী কলেজের শিক্ষকদের পদোন্নতি পে
ল শুধু চাকরির বয়স নয় বরং গবেষণা ব
কাশনা এবং বই প্রকাশকে প্রাধান্য দেয়া হ
কে। কিন্তু বাংলাদেশে পদোন্নতিপ্রাপ্ত শিক্ষকদে
ধিকাংশেরই নেই কোন গবেষণা কর্ম কিংবা বে
কাশনা। আর যা আছে তা হাতেগোনা। ফ
ক্ষার মানের অবনতি ঘটছে ক্রমান্বয়ে।

শিক্ষকদের পদোন্নতির পর পরই এব
সছে বদলির বিষয়। ব্যাপক রাজনৈতিক এ
ভাবশালী গোষ্ঠীর চাপ এবং কলেজে কলেজে
থাকায় এ বদলি জটের সৃষ্টি হয়েছে। সরক
লেজে বদলির বিষয় এলেই ঢাকার কলেজগুলে
ক থাকে সকলের দৃষ্টি।

এখানে বদলি নিয়ে রীতিমতো প্রভাবশা
কিজনের মধ্যে চলে চরম প্রতিযোগিত
মানে পদোন্নতি পাওয়া শিক্ষকদের ঢাক
লজে বদলি নিয়ে চলছে ব্যাপক দেনদরবা